

জানুয়ারি-২০২৩ আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১১ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ || ২৫ জানুয়ারি ২০২৩
সময় : সকাল ১১.০০ ঘটিকায়
স্থান : সভাকক্ষ, ৮মতলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”

১.০ প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন মাননীয় মেয়র মহোদয়ের নেতৃত্বে নানামুখী চ্যালেঞ্জ মোকাবেলা করে যাচ্ছে ডিএনসিসি। দক্ষতা বাড়িয়ে সর্বোচ্চ পর্যায়ে অনুশীলনের জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন। তিনি সভাকে অবহিত করেন কর্পোরেশনে কতিপয় সমস্যার উদ্ভব হয়েছে, যার ফলে বিভিন্ন কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। প্রত্যেক বিভাগের কাজ পর্যালোচনা এবং কর্পোরেশনের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে এ সমন্বয় সভা আয়োজন করা হয়েছে মর্মে তিনি সভাকে জানান।


১.২ সভার সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	মাননীয় প্রধানমন্ত্রী ইসিবি চত্বরে রাস্তা উদ্বোধন করবেন। অনুষ্ঠানের ফোকাল পার্সন হিসেবে প্রধান প্রকৌশলী দায়িত্ব পালন করবেন।	প্রধান প্রকৌশলী আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২
২	মাননীয় প্রধানমন্ত্রীর রাস্তা উদ্বোধন অনুষ্ঠানে ডিএনসিসি'র কার্যক্রমের তালিকা তৈরি করে দায়িত্ব বন্টন ও বাংলাদেশ সেনাবাহিনীর সাথে প্রাক-প্রস্তুতিমূলক সভার আয়োজন করতে হবে।	প্রধান প্রকৌশলী
৩	মহাখালী ফ্লাইওভারের এলইডি নিয়ন সাইন অপসারণ করতে হবে।	প্রধান প্রকৌশলী
৪	দ্রুততম সময়ের মধ্যে ইউনাইটেড হাসপাতালের রেন্ট নির্ধারণ করতে হবে।	প্রধান রাজস্ব কর্মকর্তা।
৫	বায়ু দূষণ ও পোস্টার অপসারণের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মর্তা প্রধান রাজস্ব কর্মকর্তা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
৬	ডিএনসিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীগণের নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। হাজিরা খাতা ও মুভমেন্ট রেজিস্ট্রার ব্যবহার করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)

৭	বিভাগীয় প্রধানগণের মুভমেন্ট আবশ্যিকভাবে প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবগত করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল)
৮	ডিএনসিসি'র বাইরের কোন সভা/সেমিনার/প্রশিক্ষণে অংশগ্রহণ করতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ বাধ্যতামূলক।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
৯	বিভাগ/শাখায় গ্রহণকৃত পত্র/নথি আবশ্যিকভাবে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে উত্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


 মোঃ সেলিম রেজা
 প্রধান নির্বাহী কর্মকর্তা
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬,১০.০০০০,০৫৬,০৬,২৬৫, ২০২০-০৭

তারিখ: ২৬/০২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. অফিস কপি।